


পায়রা বন্দর কর্তৃপক্ষ-অংশীজনদের মতবিনিময় সভা

প্রকাশ: ২৪ আগস্ট ২০২৩, ১৭:৫৫



কলাপাড়া (পটুয়াখালী) প্রতিনিধি: পটুয়াখালীর পায়রা বন্দর কর্তৃপক্ষ ও অংশীজনদের মধ্যকার মতবিনিময় সভা অনুষ্ঠিত হয়েছে। বৃহস্পতিবার (২৪ আগস্ট) বেলা সাড়ে ১১টায় বন্দরের সভাকক্ষে এ সভা অনুষ্ঠিত হয়।

 নিউজনাউ এর সর্বশেষ খবর পেতে গুগল নিউজ অনুসরণ করুন

পায়রা বন্দরের চেয়ারম্যান রিয়ার এডমিরাল গোলাম সাদেকের সভাপতিত্বে এসময় উপস্থিত ছিলেন পায়রা বন্দরের সদস্য রাজিব ত্রিপুরা, সদস্য জাহিদ হোসেন ও পায়রা বন্দরের ডেপুটি কাষ্টমস কর্মকর্তা হায়দার আলী।

এসময় জুমে যুক্ত হয়ে পায়রা বন্দরের সমস্যা ও সম্ভাবনার বিভিন্ন দিক তুলে ধরে বক্তব্য রাখেন খুলনা কাষ্টমস কর্মকর্তা সফিউজ্জামন ও বাংলাদেশ শিপিং এজেন্ট এ্যাসোসিয়েশনের স্টেকহোল সৈয়দ মোহাম্মদ আরিফ প্রমুখ।

সভায় পায়রা বন্দরের অপারেশন, বন্দর এলাকায় জেটি, স্থাপনা নির্মাণ ও ব্যবহারের বিষয়ক বিধি বিধান এজেন্ট অপারেটর তালিকাভুক্তি, শ্রমিক সরবরাহ বিষয়ক বিধি বিধান, বন্দরের সুযোগ সুবিধা ও বানিজ্যিক কার্যক্রম বৃদ্ধির বিষয়ে আলোচনা করা হয়।

নিউজনাউ/এমবি/২০২৩

আরও পড়ুন: [পাইকগাছায় আইনশৃঙ্খলা ও সমন্বয় কমিটির সভা](#)



সম্পাদক ও প্রকাশক: মতিউর রহমান

স্বত্ব © ২০২৩ প্রথম আলো